

ECONOMICS (HONS/PG)

- (১) যদি X এবং Y দ্রব্য দুটির মধ্যে চাহিদার পারস্পরিক স্থিতিস্থাপকতা ধনাত্মক হয়, তবে দ্রব্য দুটির মধ্যে সম্পর্ক কী?
- (২) একটি চাহিদা রেখার সমীকরণ হল $p = ax^b$ ($a > 0, b > 0$)। এক্ষেত্রে প্রান্তিক আয় রেখার আকৃতি সম্বন্ধে মন্তব্য লিপিবদ্ধ করুন। (৩) পূর্ণ প্রতিযোগিতায় মোট আয় রেখার আকৃতি ব্যাখ্যা করুন। (৪) একটি উৎপাদন সংস্থার গড় স্থির ব্যয় আঁকুন এবং এর আকৃতি ব্যাখ্যা করুন। (৫) দেখান যে একচেটিয়া বাজারের চাহিদা রেখার অস্থিতিস্থাপক অংশে ভারসাম্য থাকবে না। (৬) মজুরী আয়ের ক্ষেত্রে খাজনার অস্তিত্ব কীভাবে ব্যাখ্যা করতে পারেন? (৭) মুনাফা কাকে বলে? (৮) সুদের হার কী শূন্য হতে পারে? (৯) যদি প্রান্তিক সম্ভ্রয় প্রবণতার মান হয়, কেইনসীয় বিনিয়োগ গুণকের মান কত হবে? (১০) ফিশারের অর্থের পরিমাণ তত্ত্বের মূল অনুমানগুলি উল্লেখ করুন। (১১) রিকার্ডোর আপেক্ষিক ব্যয় নীতি সংক্ষেপে বিবৃত করুন। (১২) প্রচ্ছন্ন বা ছদ্মবেশী বেকারত্ব কী? (১৩) উৎপাদনের ক্ষেত্রে মূলধন-নিবিড় উৎপাদন কৌশল অবলম্বনের পক্ষে মূল যুক্তিগুলি নির্দেশ করুন। (১৪) ভারত সরকার কর্তৃক ভূমি সংস্কারের ক্ষেত্রে গৃহীত মৌলিক পদক্ষেপগুলি কী কী? (১৫) পরিকল্পনা ছুটি কী? (১৬) ভারতে সবুজ বিপ্লবের দুটি সীমাবদ্ধতার বিষয় উল্লেখ করুন। (১৭) ভারত সরকার কর্তৃক গৃহীত ১৯৯১ সালের নয়া অর্থনৈতিক নীতির মূল নীতিগুলি কী কী? (১৮) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের চারটি প্রধান কার্যাবলী নির্দেশ করুন। (১৯) ভারতে রপ্তানি প্রসারের জন্য কী কী ব্যবস্থা নেওয়া যেতে পারে? (২০) কৃষিজাত পণ্যের বাণিজ্যের ক্ষেত্রে W.T.O. কর্তৃক নির্ধারিত ব্যবস্থা সমূহ কী কী?